# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**26 MAY 2025 7:45—7:55 PM IST**

==================================================

(১) রাজ্যসভায় আসামের দুটি আসন সহ মোট আটটি আসনের জন্য আগামী ১৯শে জুন নির্বাচনের দিন ঘোষণা/

(২) রাজ্যে প্রতিরক্ষা করিডোর স্থাপন করতে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার আহ্বান/

(৩) শিলচরের গ্রীনফিল্ড বিমান বন্দরের কাজ চলতি বছর থেকে আরম্ভ হবে বলে কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী রামমোহন নাইডু কিঞ্জারাপু'র আশ্বাস/ শিলচর ডিব্রুগড়, যোরহাটে খুব শীঘ্রই নতুন বিমান সংযোগের মাধ্যমে দেশের অন্যান্য শহরের সঙ্গে যোগাযোগের ব্যবস্থা করা হবে বলে সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রীর প্রকাশ/

এবং

(৪) গৌরব গগৈ আসাম প্রদেশ কংগ্রেস কমিটির নতুন সভাপতি নিযুক্ত/

---

রাজ্যসভার আসামের দুটি আসন সহ আটটি আসনের জন্য আগামী ১৯ শে জুন নির্বাচন অনুষ্ঠিত হবে ।আগামী ১৪ই জুন আসামের দুজন রাজ্যসভার সাংসদ মিশন রঞ্জন দাস এবং বীরেন্দ্র প্রসাদ বৈশ্যর কার্যকাল সমাপ্ত হবে । অনুরূপভাবে আগামী ২৪ শে জুলাই তামিলনাড়ুর ৬ টি আসন খালি হবে । এর পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন রাজ্যসভার ৮ টি আসনের জন্য নির্বাচনের দিন ঘোষণা করেছে ।আগামী দোসরা জুন এই নির্বাচনের জন্য বিজ্ঞপ্তি জারি করা হবে । ৯ জুন মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ।১০ জুন মনোনয়নপত্র পরীক্ষা করা হবে এবং ১২ জুন

মনোনয়নপত্র প্রত্যাহারের অন্তিম দিন ধার্য করা হয়েছে ।১৯ জুন সকাল ৯ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত ভোটগ্রহণ করা হবে এবং ওইদিনই বিকেল ৫ টায় ভোট গণনা করা হবে ।

---------------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ নতুনদিল্লিতে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংয়ের সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠকে অংশগ্রহণ করেছেন । বৈঠকে মুখ্যমন্ত্রী রাজ্যে প্রতিরক্ষা করিডোর স্থাপনের বিষয়ে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে আলোচনা করেন । প্রতিরক্ষা করিডোর স্থাপনে পূর্ব সীমান্তে সেনাবাহিনীর চাহিদা মজবুত করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মেক ইন ইন্ডিয়ার দৃষ্টিভঙ্গীকে সহযোগিতা করবে বলে মুখ্যমন্ত্রী প্রকাশ করেন । এবং তা উত্তর-পূর্বে নতুন অর্থনৈতিক সম্ভাবনা সৃষ্টি সম্পর্কে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলেও মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ নতুন দিল্লীতে আসামের শিল্প অনুকুল নীতি তথা ঔদ্যোগিক বিকাশের ক্ষেত্রে রাজ্য সরকারের পদক্ষেপ সম্পর্কে আসাম ইলেক্ট্রনিক্স গোল টেবিল বৈঠকে অধ্যক্ষতা করেন ।বৈঠকে মুখ্যমন্ত্রী সেমি কনডাক্টর , ই সি এম এস এবং প্রযুক্তি ক্ষেত্রে আসামের দ্রুত উন্নয়ন সম্পর্কীত বিষয়ে শিল্পপতিদের সঙ্গে মত বিনিময় করেন ।মুখ্যমন্ত্রী ডঃ শর্মা এর পূর্বে নতুন দিল্লীর রাজীব গান্ধী ভবনে কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন মন্ত্রী রামমোহন নাইডু কিঞ্জারাপুর সঙ্গে বৈঠকে মিলিত হয়ে উত্তরপূর্বাঞ্চলে বিমান সংযোগ এবং পরিকাঠামো সম্প্রসারণ সম্পর্কে আলোচনা করেন ।বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী কিঞ্জারাপু জানান যে শিলচরে গ্রীণফিল্ড বিমানবন্দরের কাজ চলতি বছর থেকে শুরু হবে এছাড়া রূপশ্রী বিমানবন্দর সম্প্রসারণের ক্ষেত্রেও তিনি আশ্বাস দেন ।মুখ্যমন্ত্রী ডঃ শর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে সাক্ষাতের কথা উল্লেখ করে বলেন যে শিলচর , যোরহাট এবং ডিব্রুগড় থেকে খুব শীঘ্র নতুন বিমান সংযোগের মাধ্যমে দেশের অন্যান্য শহরে যাওয়ার ব্যবস্থা করা হবে । এছাড়া প্রথমবারের মতো বিমানে যাত্রা করা ব্যক্তির সংখ্যা বৃদ্ধি করার জন্য উড়ান প্রকল্পের অধীনে বহনক্ষম এবং সুলভ পদক্ষেপ গ্রহণ করা সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কার্যকালের আজ এগারো বছর সম্পূর্ণ হয়েছে । ২০১৪ সালের আজকের দিনটিতে শ্রী মোদী প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছিলেন । এর সঙ্গে সঙ্গে দেশের আধুনিক রাজনীতির ইতিহাসে একটি নতুন অধ্যায়ের সূচনা হয় ।

জনসাধারণের ঐতিহাসিক রায়দানের মাধ্যমে দেশের চতুর্দশ প্রধানমন্ত্রী হিসেবে ২০১৪ সালের ২৬শে মে নরেন্দ্র মোদী শপথ গ্রহণ করার পরবর্তী পর্যায়ে দেশের নাগরিকরা এই নেতার মধ্যে আশার আলো দেখতে পেয়েছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় পঞ্চায়েতীরাজ মন্ত্রণালয় আজ নতুনদিল্লিতে ২০২৩-২৪ বর্ষের জন্যে পঞ্চায়েত উন্নতি সংক্রান্ত সূচ্যাংক পি এ আই'র দ্বিতীয় সংস্করণ সম্পর্কে দুদিনের জাতীয় পর্যায়ের লেখা কর্মশালার আয়োজন করেছে । এই উপলক্ষে দেওয়া ভাষণে কেন্দ্রীয় পঞ্চায়েতীরাজ মন্ত্রণালয়ের সচিব বিবেক ভরদ্বাজ বলেছেন যে- পি এ আই'তে একশোর'ও বেশি সূচক রয়েছে । এবং তা সামাজিক বিকাশের ক্ষেত্রে এক বিস্তারিত ছবি তুলে ধরতে পারবে। এই অনুষ্ঠানে ২০২৩-২৪ অর্থবছরের জন্য পঞ্চায়েত উন্নতি সূচ্যাংক ২.০ শীর্ষক একটি পোর্টালের উদ্বোধন করা হয় । এছাড়া ২০২৩-২৪ অর্থবছরের জন্য পি এ আই'র একটি পুস্তিকাও প্রকাশ করা হয় ।

-----------------------------------------------------------------------------------------

চলতি শিক্ষাবর্ষে বিভিন্ন দেশের প্রায় পনেরোটি বিশ্ববিদ্যালয় ভারতে তাদের ক্যাম্পাস স্থাপন করবে বলে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান জানিয়েছেন । এরজন্যে সরকার ইতিমধ্যে বিদেশী বিশ্ববিদ্যালয়সমূহকে অনুমোদন দিয়েছে । শ্রী প্রধান নতুনদিল্লিতে আজ ব্রিটেনের লিভারপুল বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আনুষ্ঠানিক চুক্তিপত্র হস্তান্তর কার্যসূচীতে ভাষণ দিয়ে এই বিষয়ে জানিয়েছেন। সংবাদ মাধ্যমের সঙ্গে হওয়া কথাবার্তায় শ্রী প্রধান আগামী বছর থেকে লিভারপুল বিশ্ববিদ্যালয়ের কাজকর্ম আরম্ভ হবে বলে জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

আসাম প্রদেশ কংগ্রেস কমিটির নতুন সভাপতি হিসেবে দলের সাংসদ গৌরব গগৈকে নিযুক্তি প্রদান করা হয়েছে । সর্বভারতীয় কংগ্রেস কমিটি আজ সাংসদ শ্রী গগৈকে সভাপতির নতুন দায়িত্ব অর্পণ করে ।অন্যদিকে জাকির হুসেন শিকদার , রজলীনা তির্কি এবং প্রদীপ সরকারকে কমিটির কার্যকরী সভাপতি হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । কমিটি বিদায়ী সভাপতি ভূপেন বরার দলের প্রতি অবদানের প্রশংশা করে ।

-----------------------------------------------------------------------------------------

মিজোরাম সরকার রাজ্যের রাজধানী আইজলের উপর চাপ কমাতে আইজলের থেকে ৯৩ কিলোমিটার দূরের শেরচিপ জেলার থেনজল'এ একটি নতুন রাজধানী নির্মাণের প্রস্তাব দিয়েছে । রাজ্যের মুখ্যমন্ত্রী লাল্ডুওমা গতকাল নতুনদিল্লিতে অনুষ্ঠিত নীতি আয়োগের বৈঠকে এই প্রস্তাব দিয়ে বলেন যে- প্রস্তাবিত এই নতুন রাজধানী শহরটি নির্মাণ হলে তা প্রায় ১৫ লক্ষ জনসংখ্যার চাপ বহন করতে পারবে ।

-----------------------------------------------------------------------------------

সদ্য প্রয়াত কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত যুবরাজ বরঠাকুর স্মরণে আজ জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলা আয়ুক্তের কার্যালয়ের নতুন সভাকক্ষে এক শোকসভা অনুষ্ঠিত হয় । জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বের পৌরহিত্যে শোকসভায় অতিরিক্ত আয়ুক্ত ভ্যানলাল লিম্পুইয়া নাম্পুই , ডঃ খালেদা সুলতানা আহমেদ , ডঃ ধ্রুবজ্যোতি হাজারিকা , অন্তরা সেন ,সহকারী আয়ুক্ত তথা কার্যবাহি ম্যাজিস্ট্রেট সহ বিভিন্ন স্তরের কর্মচারীরা উপস্থিত ছিলেন । সভায় শ্রী নরসিং বে প্রয়াত বরঠাকুরের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন যে তাঁর এই অকাল মৃত্যু প্রশাসনিক মহলে অপূরণীয় শূণ্যতা সৃষ্টি করেছে ।তিনি প্রয়াত বরঠাকুরের কর্মজীবন নিয়ে আলোচনা করে প্রশাসনিক স্তরে কর্মব্যাস্ততা স্বত্তেও নিজেদের শারীরিক সুস্থতা এবং মানসিক প্রশান্তি বজায় রাখার ওপর জোড় দেন ।পরে একমিনিট নীরবতা পালন করা হয় ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার পাথারকান্দি বিধানসভা এলাকার শশীনগর গ্রামে গতকাল রাতে এক ডাকাতির ঘটনা সংঘঠিত হয়েছে । আমাদের শ্রীভূমি জেলার সংবাদদাতা জানিয়েছেন যে গতকাল রাত প্রায় দুটো নাগাদ ডাকাত দল গৃহকর্তা শৈলেন পালের উপর ধারালো অস্ত্র-শস্ত্র নিয়ে আক্রমন করে । পরিবারের অন্য সদস্যদের বেঁধে ঘরে থাকা নগদ অর্থ ও স্বর্নালঙ্কার নিয়ে পালিয়ে যায় । ঘটনার পর বাজারিছড়া পুলিশ ঘটনাস্থলে পৌছে ঘটনার তদন্ত শুরু করেছে ।

-----------------------------------------------------------------------------------

কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্ম বার্ষিকী উদযাপন সমিতির উদ্যোগে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৬তম জন্ম দিবস উপলক্ষ্যে আজ সকাল ৮টায় শহীদ ক্ষুদিরাম মূর্তির পাদদেশ থেকে এক শোভাযাত্রা বের হয়ে পার্ক রোডে নজরুল ইসলামের মূর্তিতে এসে শ্রদ্ধা জানানো হয় । শোভাযাত্রায় শহরের বিশিষ্ট নাগরিকদের পাশাপাশি শহরের বিভিন্ন সংস্থা-সংগঠন , ছাত্র-ছাত্রীরা অংশগ্রহন করে । উল্লেখ্য সমিতির উদ্যোগে আগামী ২৭শে মে শিলচর গান্ধী ভবনে একটি আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এদিনের আলোচনা সভায় কলকাতার নজরুল সাংস্কৃতিক পরিষদের অন্যতম সদস্য মহি উদ্দিন মান্নান সহ হাইলাকান্দি বাংলা বিভাগের বাংলা বিভাগের প্রধান ডক্টর মমতাজ বেগম বড়ভুইয়া , বড়খলার রাজা জি সি মেমোরিয়াল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষিকা পাপড়ি ভট্টাচার্য্য প্রমূখ বক্তব্য রাখবেন ।

-----------------------------------------------------------------------------------

সম্মিলিত লোকমঞ্চের উদ্যোগে আজ শিলচর সংগীত বিদ্যালয় প্রেক্ষাগৃহে আর্ন্তজাতিক ধামাইল দিবস পালন করা হয়েছে । সকালে প্রদীপ প্রজ্বোলন করে ও ধামাইল গানের জগতের কিংবদন্তী ব্যাক্তিত্ব রাধারমন দত্তের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানিয়ে অনুষ্ঠানের সূচনা করা হয় । পরে সংস্থার সহ-সভাপতি সুপ্রদীপ দত্তরায়ের পৌরহিত্যে আয়োজিত সভায় শিলচর রাধামাধব কলেজের বাংলা বিভাগের অধ্যাপক ডক্টর সূর্য্যসেন দেব মূখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন । এছাড়া বিশিষ্ট কবি ,সাহিত্যিক অঞ্জু এন্দো , বিজেপির কাছাড় জেলা কমিটির প্রাক্তন সভাপতি বিমলেন্দু রায় প্রমূখ অংশগ্রহন করেন ।

------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার পোয়ামারা-কালিগঞ্জ সড়কে গতকালে রাতে এক সড়ক দূর্ঘটনায় একজন যুবকের মৃত্যু হয় এবং অন্য এক যুবক আহত হয়েছেন । আমাদের শ্রীভূমির সংবাদদাতা জানিয়েছেন যে সড়কের পাশে রাখা সিমেন্টের ঢালাই মেশিনের সঙ্গে সজোড়ে ধাক্কা লেগে ঘটনাস্থলেই মৃত্যু হয় কালীগঞ্জ যদুটিলা গ্রামের এক যুবকের । নিহত এবং আহত দুই যুবকই পেশায় রাজমিস্ত্রি । প্রতি দিনের মতো কাজ শেষ করে ঘরে ফেরার পথে এই দূর্ঘটনা সংঘঠিত হয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

------------------------------------------------------------------------------------